




হরমুজ প্রণালির টোল রিয়ালে নেওয়ার পরিকল্পনা ইরানের



হরমুজ প্রণালি দিয়ে চলাচলকারী জাহাজ। ছবি : সংগৃহীত

ইরান এবার হরমুজ প্রণালি দিয়ে চলাচলকারী বাণিজ্যিক জাহাজগুলোর কাছ থেকে ট্রানজিট ফি নিজেদের জাতীয় মুদ্রা রিয়ালে নেওয়ার প্রস্তাব দিয়েছে। এই পদক্ষেপ বাস্তবায়িত হলে গুরুত্বপূর্ণ এই সামুদ্রিক রুটে অর্থনৈতিক লেনদেনের ধরনেই বড় পরিবর্তন আসতে পারে।

শুক্রবার এক প্রতিবেদনে বিষয়টি প্রকাশ করে আল-জাজিরা। সেখানে বলা হয়, ইরানের পার্লামেন্টের জাতীয় নিরাপত্তা কমিশনের প্রধানের উদ্ধৃতি দিয়ে তথ্যটি জানিয়েছে মুম্বাইয়ে অবস্থিত ইরানি দূতাবাস।

নতুন পরিকল্পনা অনুযায়ী, হরমুজ প্রণালি দিয়ে যাতায়াত করা সব বাণিজ্যিক জাহাজকে ট্রানজিট ফি ইরানি রিয়ালে পরিশোধ করতে হবে। বিশ্লেষকদের ধারণা, এর মাধ্যমে আন্তর্জাতিক বাণিজ্যে মার্কিন ডলারের নির্ভরতা কমানোর চেষ্টা করছে ইরান ও তার সহযোগীরা।

এর আগে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের উত্তেজনার পর পরিস্থিতি জটিল হলে ওই প্রণালি দিয়ে চলাচল কিছুটা সীমিত হয়ে পড়ে। তখন কিছু জাহাজ থেকে চীনের মুদ্রা ইউয়ানে টোল নেওয়ার ঘটনাও ঘটেছিল বলে জানা যায়, যদিও এর পূর্ণাঙ্গ তথ্য প্রকাশ পায়নি।

বিশেষজ্ঞদের মতে, এই উদ্যোগ সফল হলে বৈশ্বিক বাণিজ্যে মুদ্রা ব্যবহারের প্রতিযোগিতা আরও তীব্র হতে পারে এবং আন্তর্জাতিক অর্থনীতিতে নতুন চাপ তৈরি হতে পারে।